অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 3/15/2020 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুউমো নভেল করোনাভাইরাস মোকাবেলায় সমন্বিত ফেডারেল ব্যবস্থা গ্রহণ করার জন্য প্রেসিডেন্ট ট্রাম্পের উদ্দেশ্যে আহ্বান করলেন

একটি খোলা চিঠিতে প্রেসিডেন্ট ট্রাম্পকে গভর্নর কোভিড-19-এর প্রভাব প্রশমিত করার উদ্দেশ্যে পরীক্ষা নিরীক্ষা, স্কুল বন্ধ করা এবং হাসপাতালের পরিবেষা প্রদানের সামর্থ্য বিষয়ক আগ্রাসী জাতীয় কৌশল গ্রহণের আহবান জানান

অধিক আক্রান্ত এলাকার যথা-রকল্যান্ড, ওয়েস্টচেস্টার, নিউ ইয়র্ক সিটি, সাফোক, নাসাউ-এ অবস্থিত অপরিহার্য নয় স্টেটের এমন কর্মীদের দুই সপ্তাহের জন্য বাড়িতে থেকে কাজ করার নির্দেশ দেয়া হল

গভর্নর প্রধান বিচারক জ্যানেট ডিফিওরের নিকট অপরিহার্য নয় এমন মামলার কার্যবিবরণী সীমিত করার সহ, আদালতে কাজের পরিমাণ কমানোর পরিকল্পনা করার জন্য অনুরোধ করেন

স্টেট ইউনিভার্সিটি অফ নিউ ইয়র্কস এম্পায়ার স্টেট কলেজ (SUNY Empire State College)-এর সভাপতি জিম মালাটরাসকে স্কুল বন্ধের প্রস্তুতিতে জরুরি অবস্থার পরিকল্পনা তৈরির দায়িত্ব দেয়া হল

জনে জনে যোগাযোগ সীমিত করার উদ্দেশ্যে মোটরযান দপ্তরকে কেবলমাত্র অ্যাপয়েন্টমেন্ট ভিত্তিতে সেবা প্রদান করার পদ্ধতিতে চলে যাওয়ার নির্দেশনা প্রদান করা হল

নিউ ইয়র্কে 69টি নতুন করোভাইরাসের ঘটনা নিশ্চিত করা হল-যার মাধ্যমে স্টেট জুড়ে মোট সংখ্যা দাঁড়াল 729টিতে; 9টি কাউন্টিতে নতুন আক্রান্তের খবর পাওয়া গিয়েছে

গভর্নর কুউমো COVID-19-এর প্রভাব প্রশমিত করার উদ্দেশ্যে পরীক্ষা নিরীক্ষা, স্কুল বন্ধ করা এবং হাসপাতালের পরিবেষা প্রদানের সামর্থ্য বিষয়ক আগ্রাসী জাতীয় কৌশল গ্রহণসহ, নভেল করোনাভাইরাস মোকাবেলায় সমন্বিত ফেডারেল ব্যবস্থা গ্রহণ করার জন্য আজ প্রেসিডেন্ট ট্রাম্পের উদ্দেশ্যে আহ্বান জানিয়েছেন।

গভর্নর, প্রেসিডেন্ট ট্রাম্পের উদ্দেশ্যে একটি খোলা চিঠিতে ট্রাম্পকে তাদের অভিজ্ঞতা, সরঞ্জাম এবং জনবল শক্তিকে কাজে লাগিয়ে সামরিক ঘাটি কিংবা কলেজ ডরমেটোরিজের মত বিদ্যমান স্থাপনাগুলোকে - অস্থায়ী চিকিৎসা কেন্দ্র হিসেবে ব্যবহার করার জন্য - পুনর্নির্মাণ এবং প্রস্তুত করার উদ্দেশ্যে মার্কিন যুক্তরাষ্ট্রের সেনাবাহিনীর প্রকৌশল কোরকে (U.S Army Corps of Engineer) মোতায়েন করার আহ্বান জানিয়েছেন। গভর্নর আক্রান্ত হবার ঘটনাগুলোকে দ্রুততার সাথে চিহ্নিত এবং আলাদা করার জন্য পরীক্ষা নিরীক্ষার সক্ষমতা সর্বোচ্চ করার লক্ষ্যে আরও অধিক পরীক্ষাগার ও পদ্ধতিকে অনুমোদন দিতে স্টেটগুলোকে কর্তৃত্ব দেয়ার জন্য খাদ্য ও ওষুধ প্রশাসন (Food and Drug Administration) এবং রোগ নিয়ন্ত্রণ ও প্রতিরোধ কেন্দ্রের (Centers for Disease Control and Prevention) মাধ্যমে রাষ্ট্রপতির প্রতি আহ্বান জানিয়েছেন। গভর্নর কখন শহর ও স্টেট ব্যবসা বাণিজ্য ও স্কুল বন্ধ করবে, বা অনুষ্ঠান বাতিল করবে তা নির্ধারনের উদ্দেশ্যে অভিন্ন ফেডারেল মানদণ্ড তৈরির আহ্বান জানিয়েছেন।

গভর্নর অধিক আক্রান্ত এলাকার যথা-রকল্যান্ড, ওয়েস্টচেস্টার, নিউ ইয়র্ক সিটি, সাফোক, নাসাউ-এ অবস্থিত অপরিহার্য নয় স্টেটের এমন কর্মীদের দুই সপ্তাহের জন্য বাড়িতে থেকে কাজ করার নির্দেশনা দিয়েছেন। গভর্নর মোটরযান দপ্তরকে (Department of Motor Vehicle, DMV) জনে জনে যোগাযোগ সীমিত করে এবং যাত্রী সারি কমাতে সহায়তার জন্য সাম্প্রতিক সপ্তাহগুলোতে স্টেট কর্তৃক প্রয়োগকৃত বর্ধিত সময়ের চাইতে নিয়মিত কর্মঘন্টায় ফিরে আসার জন্য মোটরযান দপ্তরকে কেবলমাত্র অ্যাপয়েন্টমেন্ট ভিত্তিতে সেবা প্রদান করার পদ্ধতিতে চলে যাওয়ার নির্দেশনাও প্রদান করেছেন।

গভর্নর প্রধান বিচারক জ্যানেট ডিফিওরের নিকট ফৌজদারি বিচার ব্যবস্থাকে ব্যাহত না করে, অপরিহার্য নয় এমন মামলার কার্যবিবরণী সীমিত করার সহ, আদালতে কাজের পরিমাণ কমানোর পরিকল্পনা করার জন্য অনুরোধ করেছেন। গভর্নর স্টেট ইউনিভার্সিটি অফ নিউ ইয়র্কস এম্পায়ার স্টেট কলেজের সভাপতি জিম মালাটরাসকে কাউন্টিগুলোর সাথে কিভাবে খাদ্য অনিশ্চতার ভুক্তভোগী শিশুদেরকে খাদ্য সরবরাহ করা যায় এবং যথাযথ শিশু পরিচর্যা সেবায় পরিবারগুলোর অংশগ্রহণের সুযোগ রয়েছে তা নিশ্চিতকরা যায় তা সহ স্কুল বন্ধের প্রস্তুতিতে জরুরি অবস্থার পরিকল্পনা তৈরির দায়িত্বও অর্পন করেছেন।

"আমাদের লক্ষ্য হল, এই ভাইরাসের বিস্তার এমন গতিতে নিয়ে আসা যাতে করে স্বাস্থ্যসেবা ব্যবস্থা তা নিয়ন্ত্রণ করতে পারে, এবং আমরা আগ্রাসী পরীক্ষা নিরীক্ষা এবং শক্তিশালী সামাজিক দূরত্ব স্থাপন প্রোটোকলের মাধ্যমে সেটি করে যাচ্ছি। তবে নতুন আশঙ্কা করা হয়েছিল আক্রান্ত হবার এমন প্রচুর ঘটনা আমাদের স্বাস্থ্যসেবা ব্যবস্থা নষ্ট করার জন্য হুমকিস্বরূপ এবং দ্রুত বিকাশমান এই পরিস্থিতি মোকাবেলার জন্য আমাদের ফেডারেল সরকারের পক্ষ থেকে জাতীয় পদক্ষেপ প্রয়োজন," **গভর্নর কুওমো বলেন।** "সংক্ষেপে, ট্রাম্প প্রশাসনকে হাসপাতালের সক্ষমতা বাড়াতে পরীক্ষা নিরীক্ষার স্থানীয়করণ, সকল কিছু বন্ধ করাকে কেন্দ্রীয়করণ এবং সেনাবাহিনির প্রকৌশল কোরকে দায়িত্ব দিতে হবে। যে স্তরের উদ্বেগ উৎকন্ঠা এখন রয়েছে তা প্রকৃত অবস্থার সাথে যে সামঞ্জস্যপূর্ণ নয় তা আমি পুনরায় মনে করিয়ে দেয়ার পাশাপাশি আমরা ভাইরাসটির প্রভাব প্রশমনে এবং জনস্বাস্থ্য সুরক্ষায় সরকারের প্রতিটি পর্যায়ের সাথে ঘনিষ্ঠভাবে কাজ করা অব্যহত রাখবো।"

অবশেষে, গভর্নর আরও 69টি নতুন নভেল করোনাভাইরাসের ঘটনার কথাও নিশ্চিত করেছেন, যার ফলে নিউ ইয়র্ক স্টেট জুড়ে নিশ্চিত ঘটনার সর্বমোট সংখ্যা দাঁড়াল 729টি। মোট 729 জন ব্যক্তি যারা ভাইরাসের জন্য নিশ্চিতভাবে সনাক্ত হয়েছেন, তাদের ভৌগলিক অবস্থান নিম্নরূপ:

অবৈধ কাউন্টি: 8 (3টি নতুন)
ব্রোম কাউন্টি: 1
ডিলাউর কাউন্টি: 1
ডাচেস কাউন্টি: 7 (3টি নতুন)
ইরি কাউন্টি 3
গ্রিন কাউন্টি: 2 (2টি নতুন)
হারকিমার কাউন্টি: 1
মনরো কাউন্টি: 2
মন্টগোমারি কাউন্টি: 1 (1টি নতুন)
নাসাউ কাউন্টি: 98 (5টি নতুন)
নিউ ইয়র্ক সিটি: 329 (29টি নতুন)
অরেঞ্জ কাউন্টি: 6
পুতনাম কাউন্টি: 2 (2টি নতুন)
রকল্যান্ড কাউন্টি: 13
সারাটোগা কাউন্টি: 3
স্কেনেক্টেডি কাউন্টিঃ 2
সাফোক কাউন্টি: 47 (6টি নতুন)
টিওগা কাউন্টি: 1
টোম্পকিন্স কাউন্টি: 1
উলস্টার কাউন্টি: 5
ওয়েস্টচেস্টার কাউন্টি: 196 (18টি নতুন)

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন